



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৮ জুলাই ২০১৭ খ্রি.

**প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধ সম্পন্ন পূর্ণাঙ্গ মানুষ হতে হবে।
কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ এর ২০১৭-১৮ শিক্ষা বর্ষের একাদশ শ্রেণীর
ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন, বৃক্ষ রোপন, টাইম এন্ড এটেন্ডেন্ট টার্মিনাল ও
ক্যান্টিন উদ্বোধন অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, কুলগাঁও কলেজের শিক্ষার্থী ও শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষে অবকাঠামোগত উন্নয়ন, খেলার মাঠ উন্নয়ন সহ যাবতীয় সুযোগ সুবিধা নিশ্চিত করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বিনিময়ে সুশিক্ষা ও ভাল ফলাফল প্রত্যাশা চসিক এর। তিনি বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধ সম্পন্ন পূর্ণাঙ্গ মানুষ হতে হবে। বর্তমান শিক্ষার্থীরা সচেতন নাগরিক। ভাল-মন্দ বোঝার সক্ষমতা তাদের আছে। পরিবার, সমাজ ও দেশের প্রতি দায়িত্ব ও কর্তব্য বোধ থেকে অধ্যয়ন এবং সু নাগরিক হওয়ার সকল গুণাগুণ শিক্ষার্থীদের অর্জন করতে হবে। মেয়র বলেন, চরিত্রহীন ব্যক্তিকে সকলে ঘৃণা করে। সংচরিত্রবান আলোকিত মানুষকে সমাজ ভাল দৃষ্টিতে দেখে। মেয়র শিক্ষার্থী সকলকে পিতা মাতার প্রতি কর্তব্য পরায়ন এবং শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, শিক্ষার্থীদের মাঝে ধনি-দরিদ্র-হতদরিদ্র সহ নানা শ্রেণী ও পেশার নাগরিকদের সম্মান রয়েছে। তাদের মধ্যে যারা দরিদ্র ঘরের সম্মান তাদের উচিৎ হবে দারিদ্র বিমোচনের জন্য শিক্ষাকে অবলম্বন করা। সুশিক্ষিত ও আলোকিত মানুষ হয়ে তারাই দারিদ্র বিমোচন করতে সক্ষম হবে। পরিচ্ছন্ন ও পরিবেশ বান্ধব নগর করার ক্ষেত্রে মেয়র শিক্ষক ও শিক্ষার্থীদের সহযোগিতা প্রত্যাশা করেন। ৮ জুলাই ২০১৭ খ্রি. শনিবার, সকালে কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ এর ২০১৭-১৮ শিক্ষা বর্ষের একাদশ শ্রেণীর ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন, বৃক্ষ রোপন, টাইম এন্ড এটেন্ডেন্ট টার্মিনাল ও ক্যান্টিন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। ২ নং জালালাবাদ ওয়ার্ড কাউন্সিলর মো. সাহেদ ইকবাল বাবু'র সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন। স্বাগত বক্তব্য রাখেন অত্র কলেজের অধ্যক্ষ মো. আমিনুল হক খান। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন ইংরেজী বিভাগের প্রভাষক মো. আবদুর রউফ। শিক্ষকদের মধ্যে বক্তব্য রাখেন প্রভাষক তপন চন্দ্র মজুমদার, সহকারী অধ্যাপক মো. লুৎফুল কাদের, প্রভাষক মো. মিজানুর রহমান, মো. জাহেদুল্লাহ, মো. শহিদুল ইসলাম, জান্নাতুল ফেরদৌস নুরী, আয়েশা নাজনীন, শিবু চন্দ্র দাশ। মঞ্চে উপবিষ্ট ছিলেন কলেজ পরিচালনা কমিটির সদস্য আলহাজ্ব সফিকুল আলম, কামরুল হাসান, মো. ইয়াকুব, চসিক এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, নির্বাহী প্রকৌশলী এস এম আইয়ুব সহ অন্যরা। ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন এর পূর্বে মেয়র নারিকেল গাছের চারা রোপন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা বিভাগের বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন করেন এছাড়াও তিনি অত্র কলেজ ক্যাম্পাসে একটি ক্যান্টিন ফিতা কেটে উদ্বোধন করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা